



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০২০. ২৩৬

তারিখ: ২৫/০২/২০২২ খ্রি.

**বিষয়:** কোডিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম ২২/০২/২০২২ খ্রি.  
হতে চালুকরণ সংক্রান্ত।

**সূত্র:** মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭; তারিখ: ২২/০১/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোডিড-১৯ অতিমারিয়ার কারণে ২১/০১/২০২২ খ্রি. থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। বর্তমানে কোডিড-১৯ পরিস্থিতি ক্রমান্বয়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত হওয়ায় ২২/০২/২০২২ খ্রি. হতে শিক্ষা প্রতিষ্ঠান খোলার সরকারি সিঙ্কান্ত বাস্তবায়নে প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে ইতিপূর্বে সূত্রোক্ত পত্রানুযায়ী “গাইড লাইন” এর নির্দেশনা ছাড়াও তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

#### কার্যক্রমসমূহ:

১. শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষার্থী কোডিড-১৯ টিকার ২য় ডোজ গ্রহণ করেছে সে সকল শিক্ষার্থী সশরীরে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে;
২. শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশমুখসহ অন্যান্য স্থানে কোডিড-১৯ অতিমারি সম্পর্কিত সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি প্রতিপালনে করণীয় বিষয়সমূহ ব্যানার বা অন্য কোন উপায়ে প্রদর্শনের ব্যবস্থা করা;
৩. শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পথে সকল শিক্ষক-কর্মচারী-শিক্ষার্থী-অভিভাবকদের তাপমাত্রা পরিমাপক যন্ত্রের মাধ্যমে নিয়মিত তাপমাত্রা মাপা ও তা পর্যবেক্ষণ করার ব্যবস্থা করা;
৪. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পরিস্থিতি বিবেচনায় অনলাইন/ডার্চুয়াল প্ল্যাটফর্ম-এ শিখন-শেখানো কার্যক্রম অব্যাহত রাখবে;
৫. শিক্ষার্থীদের জন্য বিতরণকৃত অ্যাসাইনমেন্টসমূহের কার্যক্রম যথাযীতি অব্যাহত থাকবে;
৬. শিক্ষার্থীদের ক্লাস রুটিন ইতোপূর্বে প্রেরিত নির্দেশনা মোতাবেকে প্রণয়ন করতে হবে;
৭. শিক্ষার্থীদের ভিড় এড়ানোর জন্য প্রতিষ্ঠানের সবগুলো প্রবেশ/প্রস্থান মুখের ব্যবস্থা করার চেষ্টা করা; যদি কেবল একটি প্রবেশ/প্রস্থান মুখ থাকে সেক্ষেত্রে একাধিক প্রবেশ/প্রস্থান মুখের ব্যবস্থা করার চেষ্টা করা;
৮. প্রতিষ্ঠান খোলার প্রথম দিন শিক্ষার্থীদের আনন্দঘন পরিবেশে শ্রেণি কার্যক্রমে স্বাগত জানানোর ব্যবস্থা করা;
৯. প্রতিষ্ঠান খোলার প্রথম দিন শিক্ষার্থীরা কিভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে অবস্থান করবে এবং বাসা থেকে যাওয়া-আসা করবে সেই বিষয়ে তাদেরকে শিক্ষাগীয় ও উদ্বৃক্তকারী ব্রিফিং প্রদান করার ব্যবস্থা করা;
১০. প্রতিষ্ঠানের একটি কক্ষ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থাসহ আইসোলেশন কক্ষ হিসেবে প্রস্তুত রাখা;
১১. প্রতিষ্ঠানের সকল ভবনের কক্ষ, বারান্দা, সিঁড়ি, ছাদ এবং আঙিনা যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করার ব্যবস্থা করা;
১২. প্রতিষ্ঠানের সকল ওয়াশরুম নিয়মিত সঠিকভাবে পরিষ্কার রাখা এবং পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখা;
১৩. প্রতিষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, কর্মচারী, অভিভাবকসহ অন্য কেউ প্রবেশ/অবস্থান/প্রস্থানের সময় সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করা;
১৪. প্রতিষ্ঠানের সকল শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারী এবং অন্য কেউ সঠিকভাবে মাস্ক পরিধান করার বিষয়টি নিশ্চিত করা;
১৫. প্রতিষ্ঠানে সাবান বা হ্যান্ডওয়াশ দ্বারা হাত ধোয়ার পর্যাপ্ত ব্যবস্থা করা;
১৬. শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বসার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করা। এক্ষেত্রে পারম্পরিক ৩ (তিনি) ফুট শারীরিক দুরত বজায় রাখার ব্যবস্থা করা;
১৭. শিক্ষা প্রতিষ্ঠানের খেলার মাঠ, ড্রেন ও বাগান যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করা এবং কোথাও পানি জমে না থাকে তা নিশ্চিত করার ব্যবস্থা করা;
১৮. প্রতিষ্ঠানসমূহে শিক্ষক, শিক্ষার্থীদের উপস্থিতির সংখ্যা নিরূপণ করা;
১৯. প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে আনন্দঘন শিখন কার্যক্রমের মাধ্যমে শ্রেণি কার্যক্রম পরিচালিত করা;
২০. প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও অভিভাবকদের সাথে সভা করে এতদসংক্রান্ত বিষয়ে প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(অধ্যাপক নেহাল আহমেদ)  
মহাপরিচালক

ফোন: ০২-২২৩৩৫১০৫৭

১৫/০২/২২

#### বিতরণ:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যাল্যে (জ্যোত্তর ক্রমানুসারে নয়)-**

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জেলা প্রশাসক (সকল)

- ৩। পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট/প্রশিক্ষণ/মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

- ৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
[নির্দেশনাটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

- ৫। অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

- ৬। সভাপতি, সকল মাধ্যমিক, স্কুল ও কলেজ, উচ্চ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরযুক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান

- ৭। অধ্যক্ষ, বেসরকারি কলেজ (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

- ৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

- ৯। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা

- ১০। প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

- ১১। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

- ১২। প্রধান শিক্ষক, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

- ১৩। সংরক্ষণ নথি